

দীপ জ্বলে যাই.....২

-- রনজিৎ বাণ্ড্যার্মী

রনজিৎ বাণ্ড্যার্মী (৬৫)। দেশায় কৃষিকাজের সাথে জড়িত। যশোরের অভয়নগর-এর ডুমুরতলা গ্রামের অধিবাসী। প্রাতিষ্ঠানিক শিক্ষায় শিক্ষিত নন তিনি, বলা যায় স্বশিক্ষিত। বাংলাদেশের ঊত্তরাঞ্চলের প্রত্যন্ত গ্রামে থেকেও তিনি যুক্তিবাদী আন্দোলনের সাথে জড়িত। প্রত্যন্ত অঞ্চলের অশিক্ষিত, অর্ধশিক্ষিত মানুষের মধ্যে যুক্তিবোধের আন্দোলন ছড়িয়ে দিতে, চেতনা মুক্তির জন্য তিনি মুদীর্ঘ সময় ধরে নিজের মনে মেথামেথি করে চলেছেন; লিখেছেন কবিতা, ছড়া, গান, প্রবন্ধ মহ আরোও অনেক কিছু। বাংলাদেশের একটি যুক্তিবাদী সংগঠনের সাথে পরিচয়ের মূবাদের ঞ্চদ্বয় রনজিৎ বাণ্ড্যার্মী'র হাতে মেথমা এ মকলের কিছু ফটোকপি মদ্য আমার সংগ্রহে এমেছে। রনজিৎ বাণ্ড্যার্মীর মেথমা'র বাছাইকৃত কিছু অংশের অনুলিখন আমি মাঝে মাঝে অন্তর্জালদের পাঠকদের ঊদ্দেশ্যে নিবেদন করবো। এ বিষয়ে পাঠকদের যে কোনো ধরনের মতামত/ মন্তব্য আনন্দে আমাকে জানাতে পারেন। ধন্যবাদ।

- অনন্ত বিজয়। যোগাযোগ : ananta_atheist@yahoo.com

।

পর্ব -২

দেশকে বাঁচাবো

চলরে চল একসাথে চল
জোট বেধে ধেয়ে এল দানবের দল।
তারা কত বড় নির্মম নিষ্ঠুর
মধুমাখা শীলা মিষ্টি মধুর
বিশ্বগ্রাসিতে এলো সুদূর হাতে
ভয়ংকর চতুর তারা এ বিশ্বেতে।
আবার এলো তারা ধেয়ে
দেখ সবে চোখ মেলে চেয়ে।
ঐ দেখ কত বিমান উড়িয়ে
কত অস্ত্র সস্ত্র এলো নিয়ে।
হায়রে দিল তাহা চালি

মাটি পুড়ে লালে লাল উঠিল অঙ্গন জলি।
পুড়ে পুড়ে হল সারা নীরবে দাঁড়ায়ে তারা
মোদের মারে বিনা বিচারে ধরে নিয়ে করে সারা।
তারা জোর করে মায়ের ইজ্জত মারে
লুটে কত পুরিয়া লকারে রাখে, মরি মোরা অনাহারে।
শেষে রাখে হাসপাতালে কিডনী নেয় খুলে
গায়ের জোরে বোতল ভরে রক্ত নেয় ঢেলে।
তারা কত বর্বর, করে হেন অত্যাচার
নতুন সাজে সাজিয়া আসিল পূর্ণবার।
আবার সাজে নতুন সাজে হাজারে হাজারে
ঐ শুন বাজে রণভেরী আজি বাংলার দুয়ারে।
এল তারা একসাথে জুটে, নিতে তেল গ্যাস লুটে
রুখে দাড়াও বাঙালী এক জোটে চল যাই লড়াইয়ের মাঠে।
সকলে মোরা ভাই ভাই, বিশ্বে যত নির্যাতীতের দল
তাতে নামিবে মহা ঢল, হবে স্রোতে কল কল।
এ লড়াইয়ে মরিবে হায়েনা, বাংলায় হবে মাটি
সম্মুখে লড়াই, ডাক দিয়ে যাই, যেতে হবে সবে।
মায়ের দোয়া লব, দেশকে বাঁচাবো, করি অঙ্গীকার
বাংলার ঘরে ঘরে দুর্গ গড়ে- ইতিহাস স্বাক্ষী তার।

---রচিত : ০৬/০৫/২০০৫।